

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(আইসিটি শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৪৯০০.০২৬.৩১.০০১.২২.১৬

তারিখঃ ১৯ মাঘ, ১৪২৯
০২ ফেব্রুয়ারি, ২০২৩

বিষয়: **ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারি দপ্তরের সেবাসমূহ ডিজিটলাইজড করা এবং সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের চিত্র জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন।

০২। তথ্য বাতায়নের মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহ; সেবা বক্সের সকল লিংক; সকল কর্মকর্তার মোবাইল নম্বর ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করতে হবে।

৩। এ বিষয়ে অত্র কার্যালয় হতে বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনামূলক পত্র প্রেরণ করা হলেও জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি বিভিন্ন দপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ওয়েব পোর্টাল এখনও নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না।

০৪। এমতাবস্থায়, দপ্তরসমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ নিশ্চিত করার লক্ষ্যে কারিগরি সহায়তা প্রদান ও অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে, যে সকল দপ্তর নিয়মিত তথ্য হালনাগাদ করছেন না তাদের চিহ্নিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুড়িগ্রাম।


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোন:-০২৫৮৯৯-৫০০২২ (অঃ)
ফ্যাক্স: ০২৫৮৯৯-৫০০২৪ (অঃ)
ই-মেইল- dckurigram@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৪৯০০.০২৬.৩১.০০১.২২.১৬

তারিখঃ ১৯ মাঘ, ১৪২৯
০২ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি:

- ০১। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
- ০৩।, কুড়িগ্রাম।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুড়িগ্রাম।


জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
